মুজিবনগরে সড়ক দুর্ঘটনায় ৩জন নিহত

মেহেরপুরের মুজিবনগরে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তিন জন ঘটনাস্থলেই নিহত হয়েছেন। আহত হয়েছেন দুই জন।
আজ বুধবার দুপুর ২টার দিকে কেদারগঞ্জ-মুজিবনগরের মাঝামাঝি মানিকনগরে এ মর্মান্তিক ঘটনা ঘটে। নিহতরা হলেন- মুজিবনগর উপজেলার সোনাপুর মাঝপাড়া গ্রামের শরিফুল ইসলামের ছেলে শাকিল হোসেন (২২), মিনারুল ইসলামের ছেলে শামিম হোসেন (২২) এবং গাংনী উপজেলার গাড়াডোব গ্রামের নিহাজুলের ছেলে মোস্তাক হোসেন (২০)। আহতরা হলেন-সদর উপজেলার আলমপুর গ্রামের সামজান বিশ্বাসের ছেলে ওমর ফারুক ও গাড়াডোব গ্রামের আব্দুল রশিদের ছেলে রকিবুল ।

স্থানীয়রা জানান, শাকিল ও শামিম দুজনই নিজ গ্রাম সোনাপুর থেকে কেদারগঞ্জ বাজারের দিকে যাচ্ছিলেন। অপরদিক থেকে গাংনীর গাড়াডোব থেকে অপর একটি মোটরসাইকেলে মোস্তাক, ওমর ফারুক ও রকিবুল মুজিবনগরে ঘুরতে যাচ্ছিলেন। এসময় কেদারগঞ্জন- মুজিবনগরের মাঝামাঝি স্থানে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়।

স্থানীয়রা তাদের উদ্ধার করে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক রিয়াদ হোসাইন তিনজনকে মৃত ঘোষনা করেন । বাকি দুজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে রেফার্ড করেন।

মুজিবনগর থানর অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল হাশেম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, কোন পক্ষের অভিযোগ না থাকায় মরদেহ পরিবারের কাছে হস্থান্তর করা হয়েছে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় ট্রাকের

হেলপারের হাত বিচ্ছিন্ন, চালক জখম

মেহেরপুরের গাংনীতে একটি বালি ভর্তি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে হেলফার খেজমত আলীর বাম হাত শরীর থেকে বিচ্ছিন্ন হয়েছে। দুর্ঘটনায় ট্রাকের চালক জিয়াউর রহমান জিয়া (৪০) গুরুতরভাবে আহত হয়।
আজ সোমবার দুপুর আড়াইটার দিকে মেহেরপুর-কুষ্টিয়া সড়কের গাংনী উপজেলার বামন্দী বাজারের অদূরে এ দুর্ঘটনা ঘটে।

আহত জিয়া মেহেরপুর জেলা শহরের বেড়পাড়ার আমির হোসেনের ছেলে ও হেলপার খেজমত আলী মেহেরপুর সদর উপজেলার আমঝুপি-চাঁদবিল গ্রামের নায়েব আলীর ছেলে।

স্থানীয়রা জানান, কুষ্টিয়ার দিক থেকে ছেড়ে আসা একটি বালি ভর্তি ট্রাক মেহেরপুরের দিকে আসছিল। ট্রাকটি বামন্দী শহরের কাছাকাছি পৌঁছালে,বিপরীত দিক থেকে একটি গরু বোঝাই ট্রলির সাথে ধাক্কা লাগার উপক্রম হলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে গাছের সাথে ধাক্কা লাগে। এসময় ওই ট্রাকের চালক ও হেলপার আহত হয়। স্থানীয় বামন্দী ফায়ার সার্ভিসদলের সদস্যরা আহতদের উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়। তাদের শারীরিক অবস্থার অবনতি দেখে সেখান থেকে দু’জনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেয়া হয়।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, দুর্ঘটনা কবলিত ট্রাকটি উদ্ধার করা হয়েছে।

মুজিবনগরে সড়ক দুর্ঘটনায়

শ্রমিক নিহত

মুজিবনগর ইট ভাঙা গাড়ীর নিয়ন্ত্রন হারিয়ে ইজারুল ইসলাম (৪৮) নামে এক শ্রমিক নিহত হয়েছেন।

শনিবার সকাল সাড়ে ছয়টার দিকে মুজিবনগর উপজেলার বল্লভপুর আনন্দবাস সড়কের বাগোয়ান অফিস মোড়ে এ দূর্ঘটনা ঘটে। নিহত ব্যাক্তি দারিয়াপুর গ্যাজাল পাড়ার মওলা বক্স এর ছেলে।

প্রত্যক্ষদর্শী বাগোয়ান অফিস মোড়ের চায়ের দোকানদার রকিবুল জানান, সকাল ৬টার দিকে বল্লভপুরের দিক থেকে ইট ভাঙ্গা গাড়িতে করে দারিয়াপুর ও পুরন্দরপুর গ্রামের ইটভাঙ্গা শ্রমিক আনন্দবাস গ্রামের দিকে যার পথে আমার চায়ের দোকোনের আগে ব্যাক ঘুরতে গেলে নিয়ন্ত্রন হারিয়ে গাড়িটি রাস্তার পাশে গর্তে উল্টিয়ে যায়। এতে করে ইজারুল ইসলাম ঘটনাস্থলেই মারা যান। এছাড়া গাড়ির নিচে চাপা পড়ে ঘটনাস্হলে কয়েক জন সামান্য আহত হয়।

মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এর কর্তব্যরত ডাক্তার জানান, সকাল পৌনে ৭ টার দিকে ইজারুল কে হাসপাতালে নিয়ে আসে লোকজন কিন্তু হাসপাতালে আসার আগেই তার মৃত্যু হয়।

মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন মুজিবনগর থানার অফিসার ইনচার্য (ওসি) আব্দুল হাশেম।

মুজিবনগরের যতারপুরে ট্রাকের ধাক্কায় গৃহবধু নিহত

মেহেরপুরের মুজিবনগরে ট্রাকের ধাক্কায় গৃহবধু রিজিয়া খাতুন (৩৩) নিহত হয়েছে। মঙ্গলবার দুপুর ১টায় উপজেলার যতারপুরে এ দূর্ঘটনা ঘটে। নিহত রিজিয়া খাতুন বাবুপুরের সেন্টু মিয়ার স্ত্রী। কোমরপুর পুলিশ ক্যাম্পের ভারপ্রাপ্ত ইনচার্জ এস আই ইকবাল হোসেন জানান,সেন্টু তার স্ত্রীকে সাথে নিয়ে মটরসাইকেল যোগে মেহেরপুরে

যাওয়ার পথে যতারপুরে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক (ঢাকা মেট্রো-ট- ২২-১৭৫০) ধাক্কা দিলে ঘটনাস্থলে রিজিয়া খাতুন নিহত হয়। নিহতের স্বামী আহত সেন্টু মিয়াকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়া হয়েছে।
মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আব্দুল হাসেম জানান,ট্রাক জব্দের পাশাপাশি ট্রাকের চালককে গ্রেফতার করা হয়েছে। নিহতের পরিবারের পক্ষ থেকে লিখিত অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

ঝিনাইদহে মাইক্রোবাস চাপায় রংমিস্ত্রী নিহত

ঝিনাইদহ শহরের কবি সুকান্ত সড়কে মাইক্রোবাসের চাপায় মিলন উদ্দিন
(৩৬) নামের এক রংমিস্ত্রী নিহত হয়েছেন।

বুধবার বিকালে ঝিনাইদহ প্রেসক্লাবের পাশে এ দুর্ঘটনা ঘটে। নিহত মিলন উদ্দিন শহরের ব্যাপারীপাড়ার আব্বাস উদ্দিন সড়কের মৃত বদর উদ্দিন খাঁ’র ছেলে।

প্রত্যক্ষদর্শী ইরান মন্ডল জানান, বিকেলে মিলন স্টেডিয়ামের পাশে রংয়ের কাজ করে টাকা নেওয়ার জন্য বসে ছিলেন। এসময় আদর্শপাড়া থেকে শহরের এইচএসএস সড়কের দিকে যাওয়া একটি মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে সীমানা প্রচীরের সাথে মিলনকে চাপা দেয়। এতে তিনি ঘটনাস্থলেই নিহত হন। এ ঘটনার পর উত্তেজিত জনতা গাড়িটি ভাংচুর করে।

ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, মাইক্রোবাসটি আটক করা হয়েছে। তবে চালক পলাতক রয়েছে। এ ঘটনায় থানায় অপমৃত্যু মামলা হয়েছে। লাশ উদ্ধার করে সদর হাসপাতালের মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

দামুড়হুদায় সড়কে কাঁদা-পানি, ডিম ভর্তি আলমসাধু উল্টে ক্ষয়ক্ষতি

দামুড়হুদা সড়কে রাজা ব্রিকসের সামনে কাঁদা-পানিতে ডিম ভর্তি আলমসাধু উল্টে ক্ষয়ক্ষতি পাবনা-ঈশ্বরদী থেকে ডিম বোঝায় মহেশপুরগামী আলমসাধু।

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার রাজা ব্রিক্সের সামনে এসে পৌঁছালে ডিম বোঝায় আলমসাধুটি দুর্ঘটনার শিকার হয়।

প্রত্যক্ষদর্শী, ভূক্তভোগী ও পথচারী এ দুর্ঘটনার জন্য দায়ী করছেন চুয়াডাঙ্গা- যশোর মহাসড়কের দামুড়হুদা পুড়াপাড়ার রাজা ব্রিকসকে। তারা বলছে, রাজা ইটভাটার মাটি বহনকারী ট্রাক্টরে প্রতিদিন সকাল থেকে সন্ধা পর্যন্ত উপজেলার বিভিন্ন জায়গা থেকে কৃষি জমি ধ্বংস করে মাটি বহন করে নিয়ে আসে।

দীর্ঘদিন ধরে বহনকারী ট্রাক্টরের মাটি এ মহাসড়কে উপরে পড়ে। গত সোমবার রাতে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাতে কর্দমাক্ত হয়ে পিছল হয়ে যায়। ফলে প্রতি বর্ষা মৌসুমে দুর্ঘটনা কবলিত হয় বিভিন্ন যানসহ মোটরসাইকেল আরোহি সাধারণ পথচারীদের, এবারো এর ব্যতিক্রম ঘটেনি।

গতকাল মঙ্গলবার সকাল ৬ টার দিকে ডিম বোঝাই ৩ টি আলমসাধু ঈশ্বরদীর জয়নগর ফামিদা ডিমের আড়ৎ তের ডিম ব্যবসায়ী আমিনুলের নিকট ডিম নিয়ে মহেশপুরের উদ্দেশ্যে যাচ্ছিলেন।

এসময় ডিম বহনকারী ৩ টি আলমসাধু মধ্যে একটি আলমসাধুটি রাজা ব্রিকসের সামনে হাইওয়েতে এসে পৌঁছালে ভাটার বহনকৃত মাটির জমাট বেঁধে থাকার জন্য মেইন রাস্তার উপরে স্লিপ করে উল্টে যায়। আলমসাধুতে এক লক্ষ্য চল্লিশ হাজার টাকার ডিম ছিল।

এ দুর্ঘটনায় গাড়িতে থাকা প্রায় ৫০ হাজার টাকার মুরগীর ডিম ভেঙে নষ্ট হয়ে যায়। পরে একই স্থানে পিছলিয়ে পড়ে আহত হয় এক মোটর সাইকেল আরোহী।

এ ঘটনার দায় এড়াতে কিছুক্ষণ পরেই রাজা ইটভাটার শ্রমিকদের মাধ্যমে

পাওয়াট্রিলার করে বালি নিয়ে এসে তড়িঘড়ি করে রাস্তার উপরে ফেলতে দেখা যায়।
ডিম বহনকারী আলমসাধু ড্রাইভারে বাড়ি চুয়াডাঙ্গা জেলার জয়রামপুর গ্রামে।

মোটরসাইকেল আরোহীর বাড়ি জানা সম্ভব হয়নি। তবে এ ঘটনায় তেমন কোন হতাহতের খবর পাওয়া না গেলেও এ দূর্ঘটনার পর উপস্থিত অনেকের মাঝে মিশ্র প্রতিক্রিয়া সৃষ্টি হতে লক্ষ্য করা যায়।

এসময় স্থানীয়রা বলেন, দামুড়হুদা কলেজ থেকে জয়রামপুর কাঁঠাল তলা পর্যন্ত ইটের ভাঁটার মাটি পড়ে একই অবস্থার পরিনিত হয়েছে। বিষয়টি কঠোর ভাবে নিয়ন্ত্রণে আনার দরকার মোটরসাইকেল আরোহী আওয়াল, আক্তার সহ বেশ ক’একজন পথচারী বলছেন, মহামারী করোনার কারনে রাস্তায় যান চলাচনে কম ছিল তাই রক্ষে, নতুবা কতজনকে যে এমন দুর্ঘটনার স্বীকার হতে হতো তার ঠিক নেই?

আর সড়কে এভাবেই চলে যেতো নাম না জান প্রতিভাবানদের তরতাজা প্রাণ। খবর পাওয়ার পর পর সকাল ৭ টার দিকে ঘটনাস্থলে পৌঁছান দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

পরবর্তীতে দুর্ঘটনার খবর জানার পর পর সকাল ১১ টার দিকে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমানের নির্দেশে ঘটনাস্থল পৌঁছান দামুড়হুদা সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ।

এসময় তিনি আলমসাধু সহ সাধারণ মানুষের সাথে কথা বলে ঘটনার বিস্তারিত বর্ণনা শোনেন। এ সময় সহকারী কমিশনার(ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ ঘটনাস্থলেই ইট ভাটা মালিক ইকবাল মাহমুদ টিটোকে ডেকে পাঠালে ভাঁটা মালিক ঘটনাস্থলে আসেন। সেসময় ডিম ভেঙে যাওয়ায় ক্ষতিপূরণ হিসেবে ডিমের মালিককে ৩৫ হাজার, চালককে ও হেলপার কে ৫০০ করে মোট ৩৬ হাজার টাকা দেওয়া হয়। ক্ষতি পূরণের সব টাকা রাজা ব্রিকসের মালিক ইকবাল মাহমুদ টিটোর নিকট থেকে নিয়ে ঘটনাস্থলেই দিয়ে দেওয়া হয়েছে।

এসময় ইট ভাটার মালিককে পরিস্কার ভাবে সহকারী কমিশনার (ভূমি) জানিয়ে দেন আগামী এক সপ্তাহের মধ্যে, রাস্তার পাশে রাখা সব ইট সরিয়ে নিবে। মাটি পরিবহনের সময় অবশ্যই পলিথিন/চটের বস্তা ব্যবহার করে মাটি আনবেন। সর্বপরি ব্রাকের অফিস থেকে ইটের ভাঁটার অপর পাশ পর্যন্ত সকল রাস্তা সকাল-বিকাল ৬ জন শ্রমিক দিয়ে পরিস্কার রাখবে

মর্মে মুচলেকা দেন ইট ভাটা মালিক ইকবাল মাহমুদ টিটো।

এসময় সদর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন, এ টি ও সেলিম রেজা, স্থানীয় সংবাদ কর্মী সহ স্থানীয়রা উপস্থিত ছিলেন।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান। মেহেপুর প্রতিদিনকে বলেন, সকল ইটভাটা মালিকদের উদাসীনতার কারণে আর কোন সাধারণ পথচারীরা যেন দুর্ঘটনার শিকার না হন সে বিষয়ে সংশ্লিষ্ট ভাটা মালিককে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে বলা হয়েছে। তা যদি না মানেন তাহলে সে সকাল ভাটার বিরুদ্ধে কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় স্বামী-স্ত্রী নিহত, আহত-৬

মেহেরপুর সদর উপজেলার খোকসা গ্রামে মাইক্রোবাস নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে ফারহা খাতুন (৬০) ও আব্দুস সাত্তার (৬৮) নামের এক দম্পত্তি নিহত হয়েছে।

সোমবার দিবাগত মধ্যে রাতে এ ঘটনা ঘটে। নিহত দম্পত্তির বাড়ি মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে। এঘটনায় শিশুসহ অন্তত ৬জন আহত হয়েছে।

নিহতের পরিবার জানান, ফারহা খাতুন ক্যান্সার আক্রান্ত। রাজশাহীতে চিকিৎসা নিয়ে তিনিসহ তার কয়েকজন আত্মীয় একটি মাইক্রোবাস যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে গাঁড়াডোব-আমঝুপি সড়ক হয়ে খোকসা শেখপাড়া নামক স্থানে পৌঁছালে মাইক্রোটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি গাছের সাথে ধাক্কা লেগে দুমড়ে-মুচড়ে যায়। এ ঘটনায় মাইক্রোতে থাকা ৭জন আহত হয়। স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক ফারহা খাতুনকে মৃত ঘোষণা করেন। আহতদের মধ্যে আব্দুস সাত্তারের অবস্থা আশঙ্কাজনক হওয়ায় কর্তব্যরত চিকিৎসক তাকে অন্যত্র স্থানান্তর করেন। আহত আব্দুস সাত্তারকে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে নেওয়ার পথে তিনি

মৃত্যুবরণ করেন।

স্থানীয়রা জানান, বিভিন্ন ইটভাটা ও খাল খননের মাটি বহন করার সময় সড়কে মাটির স্তর তৈরি হয়েছে। সোমবার রাতে হঠাৎ বৃষ্টি হওয়ায় সড়কটি মরণফাঁদে পরিণত হয়। বৃষ্টি হওয়ার প্রথম দিনেই এ দুর্ঘটনায় দুই জনের মর্মান্তিক মৃত্যু হয়। দ্রুত এ ধরণের মাটি পরিস্কারের ব্যবস্থা না করা হলে প্রতিনিয়ত এ ধরণের দুর্ঘটনা ঘটতেই থাকবে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা এ ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, অদক্ষ চালক ও সড়কে কাদা থাকার কারণে এ দুর্ঘটনা ঘটেছে। এ ঘটনায় একটি অপমত্যু মামলা হয়েছে।

গাংনীতে নারী পুলিশের মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেলো খ্রীষ্টান বৃদ্ধের

নারী পুলিশের বেপরোয়া গতির মোটরসাইকেলের ধাক্কায় নিহত হয়েছেন সাতু মন্ডল (৮০) নামের এক বৃদ্ধ। ঘটনা শোনার পরেও গাংনী থানা পুলিশ তিন ঘন্টা পার হেলো ঘটনাস্থলে পৌঁছায়নি।
নিহত সাতু মন্ডলের বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার জুগিন্দা গ্রামের মিশনপাড়া এলাকায়।
আজ বৃহস্পতিবার (২৯ এপ্রিল) রাত সাড়ে ৭ টার দিকে পোড়াপাড়া আমঝুপি রাস্তার জুগিন্দা গ্রামের মধ্যে এ দুর্ঘটনা ঘটে। মোটরসাইকেল চালক নারী পুলিশ শিমা খাতুনকে মটরসাইকেলসহ আটক করেছে।
শিমা খাতুন মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের হজরত আলীর মেয়ে। সে বাংলাদেশ পুলিশে কর্মরত। বর্তমানে তার কর্মস্থল ঢাকার একটি থানাতে।
স্থানীয় ধানখোলা ইউপি সদস্য মফিজুল ইসলাম জানান, নিহত সাতু মন্ডল রাস্তার উপর দাড়িয়ে ছিলেন। এসময় শিমা খাতুন নামের ওই নারী পুলিশ সদস্য মোটরসাইকেলে বেপরোয়া গতিতে গিয়ে সরাসরি ধাক্কা মারে। এতে ঘটনাস্থলেই নিহত হন সাতু মন্ডল। এসময় আহতাবস্থায় ওই

নারী পুলিশ সদস্যকে উদ্ধার করেছে।
ওই নারী পুলিশ তার নানা বাড়ি জুগিন্দা গ্রামের তাহাজ্জদ আলী ওরফে তাজুর বাড়ি থেকে দ্রূতগতিতে আমঝুপি ফিরছিলেন। স্থানীয়রা জানান, ওই নারী পুলিশ মাদকাসক্ত হিসেবে এলাকাতে পরিচিত।
গাংনী থানার ওসি বজলুর রহমান জানান,সড়ক দুর্ঘটনার ব্যাপারে আমার কাছে কোনো ইনফরমেশন নাই। তিনি আরো বলেন, এখন পর্যন্ত হ্মতিগ্রস্ত পরিবারের পক্ষ থেকে আমাকে কেউ কিছু জানায়নি। এব্যাপারে আমি কিছু বলতেও পারবোনা।

চিকিৎসা নিতে এসে বাড়ি ফেরা হলো না চুয়াডাঙ্গার লুৎফর রহমানের

চিকিৎসা নিতে এসে আর বাড়ি ফেরা হলো না লুৎফর রহমানের (৬৫)। সোমবার দুপুরের দিকে মেহেরপুর সদর উপজেলার কোলার মোড় নামক স্থানে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল লুৎফর রহমানের।

এঘটনায় সঙ্গে থাকা ওয়াজেদ আলী নামের একজন গুরুত্বরভাবে আহত হয়েছেন। আহত ওয়াজেদ আলীকে ঢাকায় রেফার্ড করা হয়েছে।

নিহত লুৎফর রহমান চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা উপজেলার ফরিদপুর গ্রামের আব্দুল আজিজ শেখের ছেলে এবং আহত ওয়াজেদ আলী চুয়াডাঙ্গা সরোজগঞ্জের খোদা বক্সের ছেলে।

ঘটনার বিবরণে জানা গেছে, সোমবার দুপুরের দিকে লুৎফর রহমান ও ওয়াজেদ আলী মেহেরপুরে ডাক্তারের কাছে চিকিৎসা নিতে আসেন। চিকিৎসা শেষে মোটরসাইকেল যোগে বাড়ি ফেরার পথে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি কোলার মোড় নামক স্থানে পৌছালে বিপরীত দিক থেকে আসা একটি ইজিবাইকের সাথে মুখোমুখি সংঘর্ষ ঘটে। এসময় দুজনে আহত হয়।

মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল আহত অবস্থায় তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেয়।

এসময় কর্তব্যরত চিকিৎসক লুৎফর রহমানকে মৃত ঘোষণা করেন সেই সাথে ওয়াজেদ আলীকে ঢাকায় রেফার্ড করা হয়।

মেহেরপুরের দরবেশপুরে সড়ক দুর্ঘটনায় যুবকের মৃত্যু

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের দরবেশপুরে মোটরসাইকেল ও বাঁশ বোঝায় আলগামনের মুখোমুখি সংঘর্ষে রিপন হোসেন (২৩) নামের এক মাইক্রো বাসের ড্রাইভার নিহত হয়েছেন।
শুক্রবার বিকাল পাঁচটার সময় মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের সদর উপজেলার দরবেশপুর এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত রিপন মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের আবদুল হাকিমের ছেলে।
স্থানীয়রা জানান, রিপন হোসেন ও তার বন্ধু মামুন মোটরসাইকেলযোগে চুয়াডাঙ্গা যাওয়ার পথে দরবেশপুর বাজার এলাকায় পৌঁছালে বিপরীত দিকে ছেড়ে আসা বাঁশ বোঝাই স্যলো ইঞ্জিনচালিত একটি আলগামনের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে ঘটনাস্থলেই রিপন নিহত হয়। আহত মামুনকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন।